



# দুর্নীতি দমন কমিশন

## ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫(অংশ-৬)/১৪/৬০৬(২৮)


তারিখ: ০৪/০১/২০১৮ খ্রি.

বিষয় : কিশোরগঞ্জ সদর উপজেলায় আগামী ২৯-৩০ জানুয়ারি, ২০১৮ তারিখ সোমবার- মঙ্গলবার ফলোআপ গণশুনানি ও প্রস্তুতিমূলক সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলা এবং দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা দুর্নীতি দমন কমিশনের অন্যতম একটি দায়িত্ব। এরই ধারাবাহিকতায় গত ২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ সোমবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত কিশোরগঞ্জ শিল্পকলা একাডেমি মিলনায়তনে জেলা সদরে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক নাগরিক সেবা প্রদানের উপর গণশুনানি ও তথ্য মেলার আয়োজন করা হয়েছিল। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রাপ্ত অভিযোগসমূহের উপর আগামী ২৯ জানুয়ারি সোমবার প্রস্তুতিমূলক সভা ও ৩০ জানুয়ারি, ২০১৮ মঙ্গলবার কিশোরগঞ্জ সদর উপজেলা পরিষদ মিলনায়তনে টিআইবি'র সহায়তায় একটি ফলোআপ গণশুনানি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত গণশুনানি ও প্রস্তুতিমূলক সভায় প্রধান অতিথি হিসেবে ড. নাসিরউদ্দীন আহমেদ, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, গণশুনানি অনুষ্ঠানে প্রাপ্ত অভিযোগসমূহের উপর আগামী ২৯ জানুয়ারি সোমবার প্রস্তুতিমূলক সভা ও ৩০ জানুয়ারি, ২০১৮ মঙ্গলবার কিশোরগঞ্জ সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ফলোআপ গণশুনানি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
সদর উপজেলা  
কিশোরগঞ্জ।

  
০৪-০১-২০১৮  
(মোঃ মনিরুজ্জামান)  
পরিচালক  
(প্রতিরোধ ও গণসচেতনতা)  
ফোন: ৯৩৬২৪৩৭

অনুলিপি কার্যার্থে:

১. সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), সদর উপজেলা, কিশোরগঞ্জ।
২. নির্বাহী পরিচালক, টিআইবি, মাইডাস সেন্টার, বাড়ী নং- ০৫, সড়ক নং- ১৬ (নূতন) ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
৩. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, কিশোরগঞ্জ।
৪. এরিয়া ম্যানেজার, টিআইবি, সদর উপজেলা, কিশোরগঞ্জ।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ (সানুগ্রহ অবগতির জন্য)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৪. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহ (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৭. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
১০. চেয়ারম্যান, কিশোরগঞ্জ সদর উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১১. মেয়র, কিশোরগঞ্জ সদর পৌরসভা, কিশোরগঞ্জ।
১২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ সদর উপজেলা, কিশোরগঞ্জ।